



## মোছাঃ মাকছুদা খাতুন

অতিরিক্ত সচিব

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
চেয়ারম্যান, ডেসকো বোর্ড

মোছাঃ মাকছুদা খাতুন ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা হিসেবে সহকারি কমিশনার পদে যোগদান করেন। তিনি প্রশাসনের বিভিন্ন স্তরে নিষ্ঠা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। মাঠ প্রশাসনের বিভিন্ন স্তর যেমন সহকারী কমিশনার(অর্থ), উপজেলা ম্যাজিস্ট্রেট, জেনারেল সার্টিফিকেট অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট পদে তিনি কর্মরত ছিলেন। তিনি বন ও পরিবেশ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) পদে দায়িত্ব পালনের পাশাপাশি ২৫শে জুন, ২০১৯ তারিখ থেকে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) এর চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করছেন। উল্লেখ্য,তিনি প্রায় ২ বছর ওজোপাডিকো বোর্ডে চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছিলেন। বিদ্যুৎ বিভাগের নিয়মিত কাজের পাশাপাশি তিনি “চীফ ইনোভেশন কর্মকর্তা” ও “এপিএ টিম”এর প্রধান হিসাবে সফলতার সাথে কাজ করে যাচ্ছেন।

পেশাগত জীবনে তিনি মার্কিন যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ড, ফ্রান্স, পোল্যান্ড, যুক্তরাজ্য, ভিয়েতনাম, থাইল্যান্ড, মালয়েশিয়া, ভারত, জার্মানি, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, শ্রীলংকা, নরওয়ে, সুইজারল্যান্ড, ইতালী, স্পেন, জাপান, ফিলিপাইন, দুবাই, সৌদিআরব এবং চীন এ সরকারি কাজের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

তিনি Public Administration এর উপর University of Malaya ও Asian Institute of Technology(AIT) থেকে, Management and Maintenance of Energy Sector শীর্ষক বিষয়ে University of Fordham,USA থেকে, Electronic Government Procurement (e-GP) বিষয়ে University of Technology Sydney(UTS) থেকে, Project Monitoring and Evaluation বিষয়ে Washington D.C থেকে, Result based management and performance indicator training বিষয়ে Boston, USA থেকে, Professional Development Program on Public Administration Capacity Building বিষয়ে Thailand ও Vietnam থেকে এবং Public Policy, Service delivery and Negotiations এর উপর Duke Centre for International Development (DCID) at DUKE University থেকে short course ও skill development program এ অংশগ্রহণ করেছেন।

মোছাঃ মাকছুদা খাতুন সাতক্ষীরা জেলায় জন্মগ্রহণ করেন। ১৯৭৮ সালে সাতক্ষীরা থেকে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যশোর বোডে মানবিক বিভাগে ৪র্থ স্থান অধিকার করেন।তিনি ১৯৮৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মানবিক বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে আইন বিভাগে স্নাতক ডিগ্রি অর্জন করেন। ব্যক্তিগত জীবনে মাকছুদা খাতুন এক পুত্র ও এক কন্যা সন্তানের জননী। তাঁর স্বামী একজন বীর মুক্তিযোদ্ধা ও অবসরপ্রাপ্ত জেলাজজ।